



চট্টগ্রাম সিটি কর্পোরেশন

জনসংযোগ শাখা
চট্টগ্রাম।

(প্রেস বিজ্ঞপ্তি)

মুক্তিযোদ্ধা কাজী ইনামুল হক দানু'র কবরে সিটি মেয়রের শ্রদ্ধা নিবেদন

চট্টগ্রাম- ২২ সেপ্টেম্বর ২০১৮

বীর মুক্তিযোদ্ধা ও চট্টগ্রাম মহানগর আওয়ামী লীগের সাবেক সাধারণ সম্পাদক কাজী ইনামুল হক দানু'র ৫ম মৃত্যু বার্ষিকী উপলক্ষে আজ শনিবার সকালে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আ জ ম নাছির উদ্দীন কাজী ইনামুল হক দানু'র কবরে ফুল দিয়ে বিনম্র শ্রদ্ধা নিবেদন করেন। এই সময় মেয়র মরহুমের কবরের পাশে দাঁড়িয়ে সুরা ফাতেহা পাঠ করেন এবং তাঁর আত্মার শান্তি কামনার্থে মুনাজাত করেন। এই সময় চসিক প্যানেল মেয়র কাউন্সিলর চৌধুরী হাসান মাহমুদ হাসনী, কাউন্সিলর মো. গিয়াস উদ্দিন, সাইয়েদ গোলাম হায়দার মিন্টু, হাসান মুরাদ বিপ্লবসহ রাজনৈতিক, সামাজিক, সাংস্কৃতিক সংগঠনের নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন।

তিন দিন ব্যাপি বনসাই প্রদর্শনী উদ্বোধন করলেন সিটি মেয়র

চট্টগ্রাম- ২১ সেপ্টেম্বর ২০১৮

চট্টগ্রাম নগরীর শিল্পকলা একাডেমীর আর্ট গ্যালারীতে তিন দিন ব্যাপি বনসাই প্রদর্শনীর আয়োজন করেছে বাংলাদেশ বনসাই ক্লাব চট্টগ্রাম। আজ শুক্রবার বিকেলে এই প্রদর্শনীর উদ্বোধন করেন সিটি মেয়র আ জ ম নাছির উদ্দীন। উদ্বোধনী অনুষ্ঠানে মেয়র বলেন, প্রাচ্যের রানী চট্টগ্রাম হবে প্রাণবন্ত-প্রাণোচ্ছল শহর, সবুজ শহর। নতুন নতুন পার্ক, রাস্তাঘাট, ঝকঝকে-তকতকে সবুজ শহরে পরিণত হবে। যথাযথ পরিকল্পনা ও উন্নয়নের মাধ্যমে চট্টগ্রামকে বিশ্বের সেরা নগর করা সম্ভব। এ কাজে সবার সহযোগিতা প্রয়োজন। তিনি বলেন হারিয়ে যাওয়া বিলুপ্ত প্রায় বৃক্ষগুলোকে ধরে রাখার প্রয়াস জীবনের জন্য প্রকৃতি আমাদের দৈনন্দিন জীবনের অপরিহার্য অংশ। প্রকৃতি ছাড়া আমরা এক মূর্ত্ত বাঁচতে পারিনা। মেয়র বাড়ীর ছাদে,বেলকনি,রাস্তার দু'ধারে গাছ লাগিয়ে এ নগরীতে আরো পরিচ্ছন্ন, সবুজ ও সুন্দর এর মাধ্যমে গ্রিন ও ক্লিন সিটি গড়ার জন্য এ ধরনের আয়োজন গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে বলে তিনি আশাবাদ ব্যক্ত করেন। তিনি বনসাই বৃক্ষ রাজির প্রদর্শনী সরেজমিনে প্রত্যক্ষ করেন এবং বৃক্ষ সমূহের বয়স ও নাম বিস্তারিত অবহিত হন। মেয়র বলেন, বহু বছরের পুরানো বনসাই বৃক্ষগুলো ইতিহাস ও ঐতিহ্যের সাক্ষ্য বহন করছে। প্রকৃতির বিরল বৃক্ষগুলোকে বনসাই ক্লাব সংরক্ষন ও লালন পালন করে মহৎ কাজ করে প্রজন্ম পরম্পরায় বৃক্ষ প্রেমিকদের উৎসাহিত করছে-যা অনুকরণীয় দৃষ্টান্ত। এই বনসাই প্রদর্শনী আয়োজনের জন্য সংশ্লিষ্টদের ধন্যবাদ জানান মেয়র। উল্লেখ্য প্রদর্শনীতে পাহাড়ী বট, শাল বাকল, হিজল, তমাল, মিরিষ, ঝাউ মছয়া, কামিনী, পারুল, ভ্যালভেট,ছাতিম, পাকুড়, কাঠালী বট,দেশী শ্যাওড়া,কালো জাম,পিটালী, কৈয়া বাবলা,তেতুল,রেইনট্রি সহ প্রায় ১শত ৩০ প্রজাতির বনসাই স্থান পায়।বাংলাদেশ বনসাই ক্লাবের সভাপতি এম জি জাকারিয়ার সভাপতিত্বে ও স্থপতি তাহসিন নুরুণ এর সঞ্চালনায় উদ্বোধনী অনুষ্ঠানে অন্যদের মধ্যে বক্তব্য দেন সহ সভাপতি মো. আলমগীর হোসেন, সাধারণ সম্পাদক আবদুল্লাহ খান বাবলু, মো. মোফাজ্জল হোসেন, সাবেক অধ্যাপিকা নাহিদা হাসিন, আততাওয়াবুল ইসলাম প্রমুখ।

(প্রেস বিজ্ঞপ্তি)

নগরীর চট্টেশ্বরী রোডে জহুর-মান্নান চত্বর এর উদ্বোধন করলেন মেয়র

চট্টগ্রাম- ২১ সেপ্টেম্বর ২০১৮

নগরীর বাগমনিরাম ওয়ার্ডস্থ চট্টেশ্বরী চত্বর উদ্বোধন করা হয়েছে। সাবেক মন্ত্রী, মহান মুক্তিযুদ্ধের পূর্বাঞ্চলীয় চেয়ারম্যান মরহুম জহুর আহমদ চৌধুরী ও মুক্তিযুদ্ধের অন্যতম সংগঠক, আওয়ামী লীগ'র উপদেষ্টা মন্ডলীর সদস্য, চট্টগ্রাম মহানগর আওয়ামীলীগ'র সাবেক সভাপতি, মন্ত্রী মরহুম এম এ মান্নান স্মরণে “জহুর-মান্নান চত্বর” নামে নামকরণ করা হয়। আজ শুক্রবার সকালে ফিতা কেটে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আলহাজ্ব আ জ ম নাছির উদ্দীন এই দুই নেতার নামে ‘জহুর-মান্নান চত্বরটির’ আনুষ্ঠানিক উদ্বোধন করেন। এসময় মহানগর আওয়ামীলীগ ভারপ্রাপ্ত সভাপতি, বীর মুক্তিযোদ্ধা মাহতাব উদ্দিন চৌধুরী, সিডিএ এর চেয়ারম্যান আবদুস ছালাম, প্যানেল মেয়র ও কাউন্সিলর চৌধুরী হাসান মাহমুদ হাসানী, কাউন্সিলর মো. গিয়াস উদ্দিন, শৈবাল দাশ সুমন, রাজনীতিক সুনিল সরকার, সফর আলী, শেখ মাহমুদ ইসহাক, আবদুল লতিফ টিপু, আবুল বাশার, মোর্শেদুল আলম ও জহুর আহমদ চৌধুরী ফাউন্ডেশনের চেয়ারম্যান সরফুদ্দীন চৌধুরী রাজু সহ বিভিন্ন সামাজিক ও রাজনৈতিক নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন। এ চত্বর উদ্বোধনকালে এক সুধিসমাবেশ অনুষ্ঠিত হয়। এতে সভাপতিত্ব করেন জহুর মান্নান চত্বর এর স্পন্সর এপিক প্রপার্টিজ এর চেয়ারম্যান প্রকৌশলী এস এম লোকমান কবির।

উদ্বোধনকালে সিটি মেয়র বলেন, এ নগরে এতদিন যাবত পরিকল্পিত উন্নয়ন হয়নি। শহরের গুণি ও বরেন্য জনদের নামে সড়ক কিংবা কোন চত্বর ছিলনা। তাই বর্তমান প্রজন্ম এসব গুণি ব্যক্তিদের সম্পর্কে জানারও সুযোগ ছিল না। বর্তমান সরকার মুক্তিযুদ্ধের সরকার। মুক্তিযুদ্ধাদের অবদান আগামী প্রজন্মের কাছে তুলে ধরতে চট্টগ্রাম সিটি কর্পোরেশন নানা পরিকল্পনা গ্রহণ করেছে। তারই ধারাবাহিকতায় আমি দায়িত্ব নেয়ার পর থেকে নগরীর প্রধান প্রধান সড়কদ্বীপ, চত্বর সমূহে নতুন আঙ্গিকে সাজানোর প্রয়াস চালিয়ে যাচ্ছি। মেয়র বলেন, চট্টগ্রাম নগরীকে বিশ্বমানের, পরিবেশ বান্ধব, পরিচ্ছন্ন ও সৌন্দর্যমন্ডিত নগরীতে পরিণত করতে চাই। এ জন্য নিজেদের কার্যক্রমের পাশাপাশি বেসরকারি উদ্যোক্তাদেরও সুযোগ দেয়া হচ্ছে। তিনি নগরীর গুরুত্বপূর্ণ মোড় ও সড়কদ্বীপসমূহের সৌন্দর্য বর্ধন কাজে বেসরকারি উদ্যোক্তাদের এগিয়ে আসার আহবান জানান। মেয়র এ জহুর-মান্নান চত্বর থেকে নতুন প্রজন্ম নতুন করে তাঁদের সম্পর্কে ধারণা লাভ করবে বলে আশাবাদ ব্যক্ত করেন।

জহুর-মান্নান চত্বর উদ্বোধন পূর্বে এম এ মান্নানের কবরে চসিকের পক্ষে ফুল দিয়ে শ্রদ্ধা নিবেদন করেন সিটি মেয়র আ জ ম নাছির উদ্দীন। বাগমনিরমা জামে মসজিদে এ উপলক্ষে আয়োজিত মিলাদ মাহফিলে অংশ নেন সিটি মেয়র।

সংবাদদাতা

রফিকুল ইসলাম

জনসংযোগ কর্মকর্তা

চট্টগ্রাম সিটি কর্পোরেশন